সংবাদ

তারিখ ... 17 JUL 2017
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 2 ...

# ‘শিক্ষার্থীরা প্রকৃত শিক্ষিত হলে এগিয়ে যাবে দেশ’

প্রতিনিধি, বেগমগঞ্জ (নোয়াখালী)

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ‘শিক্ষার্থীরা প্রকৃত শিক্ষাকে ধারণ করলে বাংলাদেশ আগামীতে আরো উন্নতির দিকে এগিয়ে যাবে।’ শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, জীবিকার জন্য শিক্ষা নয় জীবনের জন্য শিক্ষা। কিন্তু বর্তমানে শিক্ষা মানে পরীক্ষা কেন্দ্রিক শিক্ষা। এ মনমানসিকতা থেকে বের হয়ে এসে নানা ধরনের শিক্ষায় শিক্ষিত হতে হবে। শিক্ষাক্ষেত্রে আরো বেশি বেশি গবেষণা করার আহ্বানও জানান তিনি। মন্ত্রি গতকাল শনিবার দুপুর ১২টায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবির) মুক্তিযোদ্ধা হাজী মো. ইদ্রিছ মিলনায়তনে (নোবিপ্রবির) ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। দেশে মাদকের ভয়াবহ বিস্তার সম্পর্কে মন্তব্য করে মন্ত্রী তরুণ ও যুব সমাজের অহংকার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাদক, ইয়াবা ও দূর্ণীতির বিষয়ে না বলার শপথ নেওয়ার আহবান জানিয়ে বলেন, এগুলোকে পরিহার করে শিক্ষার্থীরা প্রকৃত শিক্ষা ধারন করলে বাংলাদেশ আগামীতে আরো উন্নতির দিকে এগিয়ে যাবে।

নোবিপ্রবির উপাচার্য প্রফেসর ড. এম অহিদুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয় রিজেন্ট বোর্ডের সদস্য ও স্থানীয় সংসদ সদস্য একরামুল করিম চৌধুরী,ও আলহাজ্ব মামুনুর রশিদ কিরন, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. ইউসুফ মিয়া। অনুষ্ঠানে রেজিষ্ট্রার প্রফেসর মমিনুল হকের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, উপ-উপাচার্য ড. আবুল হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যক্ষ খায়রুল আনম সেলিম, জেলা প্রশাসক মাহবুব আলম তালুকদার, জেলা পুলিশ সুপার ইলিয়াছ শরীফ, সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান শিহাব উদ্দিন শাহীন, কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান মিজানুর রহমান বাদল, নোয়াখালী পৌরসভার মেয়র শহিদ উল্যাহ খান সোহেল প্রমুখ। মন্ত্রী এর আগে সকালে বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে বেলুন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানসূচির উদ্বোধন করেন এবং বিশ্ববিদ্যালয় চত্বরে শোভাযাত্রায় অংশ নেন।